

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯৭৪

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রান্)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - নতুন চাঁদ দেখার বর্ণনা

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا انْتَصنَفَ شَعْبَانُ فَلَا تَصنُومُوا» . رَوَاهُ أَبُو دَاؤُدَ وَالتِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهْ وَالدَّارِمِيُّ

বাংলা

১৯৭৪-[৬] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ শা'বান মাসের অর্ধেক সময় অতিবাহিত হয়ে গেলে তোমরা সওম পালন করবে না। (আবূ দাউদ, তিরমিযী, ইবনু মাজাহ, দারিমী)[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ২৩৩৭, তিরমিয়ী ৭৩৮, ইবনু মাজাহ ১৬৫১, সহীহ আল জামি' ৩৯৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِذَا الْتَصَفَّ شَعْبَانُ فَلَا تَصُوْمُوْ) ''শা'বান মাসের অধিক পূর্ণ হলে আর সিয়াম পালন করবে না।'' আল কারী বলেনঃ এ নিষেধাজ্ঞা দ্বারা এ সময়ে সিয়াম পালন করা মাকরহ উদ্দেশ্য, হারাম উদ্দেশ্য নয় যাতে লোকজন এ সিয়াম পালনের মাধ্যমে দুর্বল হয়ে ফর্য সিয়াম পালনে ব্যাঘাত না ঘটে তাই শারী'আত প্রণেতা উন্মাতের প্রতি দ্য়াপরবশ হয়ে এ নিষেধাজ্ঞা জারী করেছেন। অতএব যে ব্যক্তি শা'বান মাসে সিয়াম পালন করার পরও স্বাচ্ছন্দ্যে রমাযানের সিয়াম পালন করতে পারে তার জন্য এ নিষেধাজ্ঞা প্রযোজ্য নয়। তাইতো নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শা'বান ও রমাযান (রমজান) এ দুই মাসে একত্রে সিয়াম পালন করেছেন। তবে যারা এ হাদীসটি দুর্বল বলেছেন, অতএব এ মাসে সিয়াম পালন মাকরহ নয়- তাদের বক্তব্য সঠিক নয় এজন্য যে, এ হাদীসটি সহীহ। কেননা এ হাদীসের এক রাবী 'আলা ইবনু 'আবদুর রহমান যদিও তার সম্পর্কে সমালোচনা রয়েছে তা সত্ত্বেও ইমাম মালিক, ইমাম মুসলিম তার বর্ণিত হাদীস গ্রহণ করেছেন। ইমাম বুখারীও তার একক বর্ণিত হাদীস গ্রহণ করেছেন। অতএব হাদীসটি সহীহ। আল্লাহ অধিক অবগত আছেন।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন